**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পররাষ্ট্র মন্ত্রণালয়**
**কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ**
**ঢাকা**

নং.- ১৯.০০.০০০০.৫৩০.৩৩.০০০.২২- ০৩ ফেব্রুয়ারি ২০২২

**বিষয়ঃ কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের জানুয়ারি ২০২২-এর মাসিক প্রতিবেদন**

**গত জানুয়ারি** ২০২২-সময়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কর্তৃক নিম্নলিখিত কার্যাবলি সম্পন্ন করা হয়েছেঃ

০১. **বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে ই-পাসপোর্ট সেবা চালুকরণঃ** জানুয়ারি (২০২২) মাসে জর্ডান এবং ওমান মিশনে আনুষ্ঠানিকভাবে ই-পাসপোর্ট সেবা কার্যক্রম চালু করা হয়েছে। এ বিষয়ে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সুরক্ষা সেবা বিভাগ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সাথে সার্বিক সমন্বয় সাধন করেছে। উল্লেখ্য, বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনসমূহে ২০২২ সালের মধ্যে ই-পাসপোর্ট সেবা চালুর উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় ইতোমধ্যেই ১১ টি মিশনে ই-পাসপোর্ট সেবা চালু করা হয়েছে।

০২. **দলিলাদি সত্যায়নঃ পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে বিদেশে বসবাসরত লক্ষ লক্ষ বাংলাদেশীর স্বার্থ সংরক্ষণে নিরলসভাবে কাজ করে চলেছে। গত জানুয়ারি মাসে ওমিক্রন (কোভিড-১৯ এর নতুন ভ্যারিয়েন্ট)-এর সংক্রমণ সত্ত্বেও পররাষ্ট্র মন্ত্রণালয়ের কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগ কাজের ধারাবাহিকতা ও গতি অপরিবর্তিত রেখেছে। সাম্প্রতিক সময়ে অনুবিভাগের একাধিক কর্মকর্তা এবং কর্মচারী নতুন ভ্যারিয়েন্টে আক্রান্ত হলেও সামগ্রিক কাজের কোন ব্যাঘাত ঘটে নি। এ অনুবিভাগ বিদেশ গমণেচ্ছু নাগরিকদের শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম/মৃত্যসনদ, পুলিশ ক্লিয়ারেন্স সনদ, আমমোক্তারনামা সহ বিবিধ কাগজপত্রাদি প্রত্যয়ন করার পাশাপাশি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু ও পুনঃইস্যু করেছে। এরই ধারাবাহিকতায় জানুয়ারি** -২০২২ সময়ে কনস্যুলার শাখা কর্তৃক ১,৪৩,৪৭৮ সংখ্যক দলিল, সনদ, ও অন্যান্য কাগজপত্রাদি সত্যায়ন করা হয়েছে যার পরিসংখ্যান নিম্নরূপঃ

| নং | সেবার ধরণ/নাম | সংখ্যা |
|---|---|---|
| ০১. | পুলিশ ক্লিয়ারেন্স সনদ সত্যায়ন | ৯৭,২০৯টি |
| ০২. | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক সম্পাদিত আম-মোক্তারনামা/বিদেশি সনদ সত্যায়ন | ৭১৩টি |
| ০৩. | আম-মোক্তারনামা দলিলের পুনঃসঠিকতা যাচাই | ২৩৫টি |
| ০৪. | শিক্ষা সনদ সত্যায়ন | ২০,৩২৯টি |
| ০৫ | বিবিধ নথিপত্র/সনদ (বৈবাহিক সনদ/ স্থানীয় আম-মোক্তারনামা, পারিবারিক সনদ, জন্ম নিবন্ধন সনদ ইত্যাদি ) সত্যায়ন | ২৪,৯৯২ টি |
| | **মোট সেবার সংখ্যা** | **১,৪৩,৪৭৮** |

০৩. **ভিসা প্রাপ্তির জন্য অনাপত্তি সনদ ইস্যুঃ** বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে আবেদনের প্রেক্ষিতে **জানুয়ারি** ২০২২ মাসে ১১৭ জন বিদেশী নাগরিকের বাংলাদেশে আগমনের ব্যাপারে মতামত প্রদান/ অনাপত্তি সনদ ইস্যুর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

০৪. **কূটনৈতিক পত্র ইস্যুঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কনস্যুলার শাখা বিভিন্ন মন্ত্রণালয়/ দপ্তরের আবেদনের প্রেক্ষিতে সরকারি কার্যোপলক্ষ্যে বিদেশ ভ্রমণের জন্য ভিসা প্রক্রিয়াকরণের নিমিত্ত **জানুয়ারি** ২০২২ মাসে ২৬০টি নোট ভারবাল এবং ১০৮টি লেটার অব ইন্ট্রোডাকশন ইস্যু করেছে।

০৫. **কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের পররাষ্ট্র ক্যাডারভুক্ত কর্মকর্তা, কূটনৈতিক পাসপোর্ট প্রাপ্তির জন্য প্রাধিকারভুক্ত কর্মকর্তা এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত অন্যান্য ক্যাডারভুক্ত কর্মকর্তাদের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা কর্তৃক **জানুয়ারি** মাসে ৭৩টি কূটনৈতিক পাসপোর্ট ইস্যু এবং ২২টি কূটনৈতিক পাসপোর্ট বাতিল করা হয়েছে।

০৬. **সার্ক ভিসা স্টিকার ইস্যুঃ** ইস্যুকৃত কূটনৈতিক পাসপোর্টে ২৩টি সার্ক ভিসা স্টিকার ইস্যু করা হয়েছে।

০৭. **অফিসিয়াল পাসপোর্ট সংক্রান্ত কার্যাবলিঃ** পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মচারীগণ এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পদায়নকৃত কর্মচারীগণের আবেদনের প্রেক্ষিতে কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের এমআরপি শাখা ১০টি অফিসিয়াল পাসপোর্টের জন্য অনাপত্তি সনদ প্রদান করেছে এবং ০৬ টি অফিসিয়াল পাসপোর্ট বাতিলের জন্য সনদ প্রদান করেছে।

০৮. **মৃতদেহ প্রত্যাবাসন সংক্রান্ত কার্যাবলিঃ** কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের কল্যাণ শাখা সৌদি আরব (০২জন) এবং রোমানিয়া (০১ জন) থেকে মোট ০৩ জন বাংলাদেশি নাগরিকের মৃতদেহ দেশে প্রত্যাবসনের ব্যাপারে সার্বিক কার্যাবলি সম্পাদন ও প্রয়োজনীয় সমন্বয় সাধন করেছে।

০৯. **বাংলাদেশি নাগরিকগণের প্রত্যাবাসনঃ**

(ক) প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন দেশে অবস্থানরত ১১৫ জন বাংলাদেশি নাগরিকের নাগরিকত্ব যাচাই এর জন্য মিশন র্কতৃক প্রেরিত আবেদনপত্রসমূহ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে প্রেরিত ৭৫ জন বাংলাদেশী নাগরিকের নাগরিকত্ব যাচাই রিপোর্ট বিভিন্ন দূতাবাসে প্রেরণ করা হয়েছে।

(খ) যশোরের বেনাপোল স্থলবন্দরে ২৮ জন বাংলাদেশী নাগরিককে (শিশু ও নারী) ভারত থেকে দেশে প্রত্যাবাসনের নিমিত্ত বিভিন্ন মন্ত্রণালয়/ সংস্থার সাথে সমন্বয় সাধন করা হয়েছে।

(গ) লিবিয়া গমনেচ্ছু ৩০ জন বাংলাদেশি নাগরিকের ব্যাপারে অনাপত্তি সনদপত্র ইস্যু করা হয়েছে।

০৯. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধানকল্পে ও দৈনন্দিন অন্যান্য কার্যাবলী সংক্রান্ত বিভিন্ন বিষয়ে বাংলাদেশে অবস্থিত সরকারের বিভিন্ন মন্ত্রণালয় ও অফিস যেমনঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধকের রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, বিমানবন্দর ইমিগ্রেশন ইত্যাদির সাথে মিশনসমূহের যোগাযোগ স্থাপন ও মিশনের পক্ষে সমন্বয় সাধনের মাধ্যমে সেসব সমস্যার সমাধান।

১০. এছাড়া পররাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন বিদেশস্থ মিশনসমূহ তাদের অধীক্ষেত্রাধীন বাংলাদেশী প্রবাসী ও ডায়াসপোরাদের বিবিধ কনস্যুলার ও কল্যাণ সেবা প্রদান করেছে।

## ফেব্রুয়ারি - ২০২২ এর র্কম-পরিকল্পনা

ক) ই-পাসপোর্ট কার্যক্রম সম্প্রসারণের অংশ হিসেবে ফেব্রুয়ারি ২০২২ মাসে ব্যাংকক, হ্যানয়, মালে ও ত্রিপলি (মোট ০৪ টি) মিশনে ই-পাসপোর্ট কার্যক্রম চালুকরণ। (কোভিড-১৯ অতিমারীর বর্তমান অবস্থার নিরীক্ষে উক্ত কার্যক্রম সেসব দেশের ভিসা এবং ইমিগ্রেশন কার্যক্রমের উপর নির্ভর করবে।)
খ) নাগরিকত্ব যাচাই সাপেক্ষে বিভিন্ন দেশে আটকে পড়া আরো বাংলাদেশী নাগরিকদের প্রত্যাবাসনের ব্যবস্থা এবং মৃতদেহ পুনর্বাসন।
গ)বিভিন্ন দেশের জেলে বন্দী বাংলাদেশি নাগরিকদের দেশে প্রত্যাবাসনের ব্যবস্থা করা হবে।
ঘ) বাংলাদেশ মিশন কর্তৃক এবং অন্যান্য মন্ত্রণালয়/ দপ্তর কর্তৃক স্বাক্ষরিত বিভিন্ন দলিলাদির সত্যায়ন।
ঙ) বিদেশি নাগরিকগণের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে ভিসা প্রাপ্তির নিমিত্ত মিশন এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সাথে সমন্বয় সাধন করে অনাপত্তি সনদ ইস্যুকরণ
চ) কূটনৈতিক পাসপোর্ট, সার্ক ভিসা স্টিকার, পাসপোর্টের অনাপত্তি সনদ প্রদান/ ইস্যুকরণ।
ছ) এছাড়া কনস্যুলার ও কল্যাণ অনুবিভাগের অন্যন্য রুটিন কার্যাবলী সম্পাদন।